

জাতীয় বিশ্ববিদ্যালয়ের এলএলবি শেষ পর্বের ফল প্রকাশ

অনলাইন প্রতিবেদক



সংযুক্ত ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ২০২২ সালের এলএলবি শেষ

পর্বের ফল প্রকাশিত হয়েছে। আজ বুধবার (২৩ জুলাই)

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মো. এনামুল করিম স্বাক্ষরিত

বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, একাডেমিক কাউন্সিল ও সিভিকেটের

অনুমোদন সাপেক্ষে ২০২২ সালের এলএলবি শেষ পর্বের ফল

এতদ্বারা প্রকাশ করা হলো। পরীক্ষার্থীদের ফল

www.nu.ac.bd/results ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২ সালের এলএলবি শেষ

পর্বের পরীক্ষা এ বছরের ১০ জানুয়ারি শুরু হয়, যা শেষ হয় ৮

মার্চ।

